

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০২.২২.১২৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮


০৮ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের নিজস্ব ই-মেইল ও মোবাইল নম্বর ব্যবহার সংক্রান্ত।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ও এর আওতাধীন ১৪ টি আঞ্চলিক দপ্তর হতে Online Licensing Module (OLM) এর মাধ্যমে ২০১৯ সাল হতে অনলাইনে সেবা প্রদান করা হচ্ছে। সেবা প্রার্থীকে OLM হতে সেবা গ্রহণের ক্ষেত্রে একটি ই-মেইল ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হয়। পরবর্তীতে উক্ত ই-মেইল দিয়ে লগইন করে সেবা গ্রহণের জন্য আবেদন করতে হয়। সেবা প্রার্থী পাসওয়ার্ড পরিবর্তনসহ বিভিন্ন কাজের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ই-মেইল ও মোবাইল নম্বর প্রয়োজন হয়। তথাপিও সেবা প্রার্থীগণ প্রায়শ কোম্পানির দাপ্তরিক ই-মেইল এবং মোবাইল নম্বর ব্যবহারের পরিবর্তে ভিন্ন ই-মেইল ও মোবাইল নম্বর ব্যবহার করছেন। ফলে কোন সময় আইডি/পাসওয়ার্ড হারিয়ে ফেললে তা পুনরুদ্ধার করতে বিড়ম্বনায় পড়তে হয়।

০২। বর্ণিত অবস্থায়, Online Licensing Module (OLM) এর মাধ্যমে সেবা গ্রহণের সময় সেবা প্রার্থীগণকে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের নিজস্ব ই-মেইল এবং মোবাইল নম্বর ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।



৮-৩-২০২২

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/সহকারী নিয়ন্ত্রক,, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের/যুগ্ম-নিয়ন্ত্রকের/সহকারী নিয়ন্ত্রকের দপ্তর ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/দিনাজপুর/বগুড়া/পাবনা/নওগাঁ/সিরাজগঞ্জ/কুমিল্লা (সেবা প্রার্থীগণকে সচেতনার জন্য প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো))
- ২) নির্বাহী কর্মকর্তা , শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩) আইটি কনসালটেন্ট, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (OLM সিস্টেমে New ID Creat/ Login সময় যাতে দৃশ্যমান হয় সে ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।